

First Trilateral Working Group Meeting between India, Iran and Uzbekistan on joint use of Chabahar Port

December 14, 2020

চাবাহার বন্দরের যৌথ ব্যবহার বিষয়ে ভারত, ইরান এবং উজবেকিস্তানের মধ্যে প্রথম ত্রিপাক্ষিক কার্যনির্বাহী গোষ্ঠীর সভা

ডিসেম্বর 14, 2020

চাবাহার বন্দরের যৌথ ব্যবহার বিষয়ে ভারত, ইরান এবং উজবেকিস্তানের মধ্যে প্রথম ত্রিপাক্ষিক কার্যনির্বাহী গোষ্ঠীর সভা

ডিসেম্বর 14, 2020

1. চাবাহার বন্দরের যৌথ ব্যবহার বিষয়ে ভারত, ইরান এবং উজবেকিস্তানের মধ্যে প্রথম ত্রিপাক্ষিক কার্যনির্বাহী গোষ্ঠীর সভা 14 ডিসেম্বর 2020, ভারুয়াল মাধ্যমে অনুষ্ঠিত হয়েছে।

2. বৈঠকে ভারত সরকারের সচিব (শিপিং) শ্রী সঞ্জীব রঞ্জন, উজবেকিস্তান প্রজাতন্ত্রের পরিবহন উপমন্ত্রী শ্রী ডি. দেহকানভ এবং ইসলামী প্রজাতন্ত্র, ইরানের উপ-পরিবহন মন্ত্রী শ্রী শাহরাম আদমনেজাদের সম্মিলিত সভাপতিত্বে সভাটি অনুষ্ঠিত হয়েছিল।

3. বৈঠকে অংশগ্রহনকারীরা বাণিজ্য ও পরিবহন এবং আঞ্চলিক যোগাযোগ বৃদ্ধির উদ্দেশ্যে চাবাহার বন্দরের সম্মিলিত ব্যবহার নিয়ে আলোচনা করেন। COVID মহামারীকালে এই অঞ্চলে মানবিক সহায়তা প্রদানের ক্ষেত্রে চাবাহার বন্দর কর্তৃক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন বিষয়ে সব পক্ষই সহমত হন।

4. 2021 সালের জানুয়ারি মাসে ভারত কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক মেরিটাইম শীর্ষ সম্মেলনের পাশাপাশি "চাবাহার দিবস" অনুষ্ঠিত করার জন্য ভারতের প্রস্তাবকে সব পক্ষই স্বাগত জানিয়েছে।

5. 2020 সালের 11 ডিসেম্বর প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং উজবেকিস্তানের মাননীয় রাষ্ট্রপতি শ্রী শওকত মির্জিয়াওয়েভ মধ্যে অনুষ্ঠিত ভারুয়াল শীর্ষ সম্মেলনের সময় গৃহীত সিদ্ধান্তের অনুসরণ হিসাবে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

নিউ দিল্লি

ডিসেম্বর 14, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.